25 APR 2013

তারিখ ............
পৃষ্ঠা ...... 25 APR 2013

দৈনিক
ইনকিলাব

# প্রাথমিক স্তর ৫ম শ্রেণী থেকে ৮ম শ্রেণীতে উন্নীতকরণে কমিটি গঠন

স্টাফ রিপোর্টার: জাতীয় শিক্ষানীতির আলোকে প্রাথমিক স্তর ৫ম শ্রেণি থেকে ৮ম শ্রেণিতে উন্নীতকরণে একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা সচিবের নেতৃত্বে এই কমিটি গঠন করা হয়। কমিটি আগামী তিন মাসের মধ্যে তাদের প্রতিবেদন প্রদান করবে। গতকাল (বুধবার) শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন কর্মসূচির কেন্দ্রীয় কমিটির এক সভায় এ কমিটি গঠন করা হয়।

সভায় উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. আফছারুল আমিন, প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রাথমিক ও গণশিক্ষা সচিব কাজী আকতার হোসেন, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এসএ গোলাম ফারুক, মো. ইকবাল খান চৌধুরী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সোহরাব হোসাইন, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শামসুদ্দিন আহমদ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. শফিকুল ইসলাম, প্রাথমিক ও গণশিক্ষার অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলাম, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহসানুজ্জামান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীর মহাপরিচালক প্রফেসর শেখ ইকরামুল কবির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মো. আখতারুজ্জামান, প্রফেসর সিদ্দিকুর রহমান প্রমুখ।

সভায় জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষার প্রাথমিক স্তর বর্তমান ৫ম শ্রেণি থেকে ৮ম শ্রেণিতে উন্নীতকরণের বিভিন্ন দিক বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয়, ইতোমধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পাইলটিং ভিত্তিতে সারাদেশে ৪৯০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণি চালু করেছে। ভবিষ্যতে তা পর্যায়ক্রমে বাড়ানোর পরিকল্পনা রয়েছে। সভায় শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক স্তরে প্রায় শতভাগ ভর্তি নিশ্চিত করা, প্রাথমিক-মাধ্যমিকে ছাত্রছাত্রীর সংখ্যা সমতা অর্জন, পাবলিক পরীক্ষা সংস্কার, শিক্ষার মানোন্নয়ন, সৃজনশীল প্রশ্নপদ্ধতি চালু করা, কারিকুলাম যুগোপযোগী করা, প্রাথমিক-মাধ্যমিকে সকল শিক্ষার্থীকে পাঠ্যবই প্রদান, শিক্ষক প্রশিক্ষণসহ জাতীয় শিক্ষানীতির অনেক কাজ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। ২০১৮ সালের মধ্যে পর্যায়ক্রমে সম্পূর্ণ বাস্তবায়ন করা হবে। তিনি প্রাথমিক থেকে উচ্চশিক্ষাতে একটি সামগ্রিক কাজ উল্লেখ করে বলেন, যার যার দায়িত্ব পালনের পাশাপাশি সামগ্রিক বিষয়টি বিবেচনায় রাখতে হবে।